

আহসান মঞ্জিল জাদুঘর  
বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি শাখা  
নওয়াব বাড়ি, ঢাকা-১১০০  
[www.ahsanmanzil.org.bd](http://www.ahsanmanzil.org.bd)

স্মারক নম্বর : ৪৩.২২.০০০০.০২৬.০২.০৬৬.২৪/ ৫০৬

তারিখ : ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ।  
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ।

আহসান মঞ্জিল জাদুঘরের অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারদের নিয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি: ড. বিজয় কৃষ্ণ বণিক, কীপার, আহসান মঞ্জিল জাদুঘর।

সভার তারিখ : ২৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ।

সভার সময় : সকাল ১১:০০ টা।


স্থান : লাইব্রেরি কক্ষ, আহসান মঞ্জিল জাদুঘর।

সভাপতি সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান আহসান মঞ্জিল জাদুঘরের ২০২৩-২০২৪ অর্থবছরে কোনো সেবার বিষয়ে স্টেকহোল্ডারদের কোনো অভিযোগ পাওয়া যায়নি। এ কারণে স্টেকহোল্ডারদের সমন্বয়ে এ সভা আয়োজন করা হয়েছে। সভাপতি অংশীজনদের অভিযোগ কি এবং এর প্রতিকার কিভাবে করা যায় তা অবহিত করেন। স্টেকহোল্ডারগণের জাদুঘরের সেবা বিষয়ক কোনো অভিযোগ বা মতামত থাকলে তা বলার জন্য অনুরোধ করেন। নিম্নে অংশীজনের মতামত ও সিদ্ধান্ত নিম্নে দেয়া হলো।

ক্র: নং	স্টেকহোল্ডারগণের নাম, পদবী ও ঠিকানা	মতামত	সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
১	জনাব সুমন আহম্মেদ জয় ছাত্র মাতুয়াইল আদর্শ স্কুল, মাতুয়াইল, ঢাকা।	জাদুঘরের স্নাকব্লক কর্ণারের সামনে দাঁড়িয়ে অনেকে ধূমপান করেন। এ ব্যাপারে পদক্ষেপ নিলে ভালো হয়।	সিদ্ধান্ত: ১) 'জাদুঘরে ধূমপান করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ' শিরোনামে ছোট ছোট সাইন বোর্ড প্রস্তুত করে জাদুঘরের বিভিন্ন স্থানে প্রদর্শন করতে হবে। ২) স্নাকব্লক কর্ণারে কোনো প্রকার সিগারেট ও ম্যাচ রাখা যাবে না। বাস্তবায়নকারী: ডিসপ্লে অফিসার ও সহ-নিরাপত্তা পরিদর্শক।
২	জনাব মো. নয়ন ব্যবসায়ি, ইসলামপুর, ঢাকা।	জাদুঘরের আনসার ব্যারাকের সামনে মাটি ফেলে উচু করে রাখা হয়েছে। মাটি সরানোর ব্যাপারে পদক্ষেপ নিলে ভালো হয়।	সিদ্ধান্ত: মাটি সরানোর ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে। বাস্তবায়নকারী: প্রকৌশল শাখা।
৩	জনাব সাইমন মোল্লা ছাত্র মাতুয়াইল আদর্শ স্কুল, মাতুয়াইল, ঢাকা।	জাদুঘর বিকাল ৫ টায় বন্ধ হয়ে যায়। আরো কিছু সময় খোলা থাকলে ভালো হয়।	সিদ্ধান্ত: মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ইতোমধ্যে জাদুঘর শনিবার থেকে বুধবার সকাল ১০.০০টা হতে সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত এবং শুক্রবার বিকাল ৩.০০টা হতে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। এ সংক্রান্ত নোটিশ জাদুঘরের

			ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, নোটিশ বোর্ড ও প্রধান ফটকে প্রদর্শন করতে হবে। বাস্তবায়নকারী: ডিসপ্লে অফিসার ও প্রশাসন শাখা।
৪	জনাব মো. নাজিম উদ্দিন ছাত্র কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা।	জাদুঘরের প্রধান ফটকের সামনে আনসার সদস্যরা টিকিট কাউন্টার থেকে টিকিট না কেটে তাদের নিকট টাকা দিয়ে প্রবেশ করার জন্য উদ্বুদ্ধ করেন। এ ব্যাপারে পদক্ষেপ নিলে ভালো হয়।	সিদ্ধান্ত: ১) আনসার পিসিকে এ বিষয়ে কঠোর পদক্ষেপ নিতে তাৎক্ষণিক অনুরোধ করা হয়। ২। সহকারী নিরাপত্তা পরিদর্শক এ ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখবেন। এমনটি পুনঃদেখা গেলে কীপার বরাবর লিখিত অভিযোগ করবেন। বাস্তবায়নকারী: পিসি, আনসার ও সহকারী নিরাপত্তা পরিদর্শক।
৫	জনাব মো. শরিফুল ইসলাম চাকরিজীবী, ঢাকা।	জাদুঘরের টিকিট কাউন্টারটি সংস্কার করা উচিত।	সিদ্ধান্ত: জাদুঘরের টিকিট কাউন্টারটি সংস্কার করার জন্য পদক্ষেপ নিতে হবে। বাস্তবায়নকারী: প্রকৌশল শাখা।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় এবং আর কোনো প্রস্তাব না আসায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. বিজয় কৃষ্ণ বণিক  
কীপার

ফোন নম্বর: ০২-৪৭৩৯১৯৩৩

ইমেইল: [ahsanmanzil1992@gmail.com](mailto:ahsanmanzil1992@gmail.com)



বিতরণ:

- ১। জনাব মো. আকহারুজ্জামান নুরী, কীপার (সং) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অনিক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০।
- ২। জনাব মো. সেরাজুল ইসলাম, উপ-কীপার ও অনিক, আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা-১১০০।
- ৩। শাখা প্রধান, এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা -১০০০।
- ৪। জনাব মো. আরিফ হোসেন, হিসাবরক্ষক ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা-১১০০।
- ৫। জনাব .....

৬। সংশ্লিষ্ট নথি।